

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৭) যে ব্যক্তি বিশ্বাস করে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মানুষ নন; বরং তিনি আল্লাহর নূর। অতঃপর সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে আশ্রয় প্রার্থনা করে এই বিশ্বাসে যে, তিনি কল্যাণ- অকল্যাণের মালিক, তার হুকুম কী? এ ধরণের লোকের পিছনে সালাত আদায় করা জায়েয আছে কি?

উত্তর: যে ব্যক্তি এ বিশ্বাস করবে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর নূর (বা আল্লাহর যাতী নূর) মানুষ নন, তিনি গায়েবের খবর জানেন, সে আল্লাহ এবং রাসূলের সাথে কুফুরী করল। সে আল্লাহ ও তাঁর রাসূলের শক্রু, বন্ধু নয়। কেননা তার কথা আল্লাহ ও রাসূলকে মিথ্যা প্রতিপন্ন করে। আর যে ব্যক্তি আল্লাহ এবং তাঁর রাসূলকে মিথ্যা প্রতিপন্ন করল, সে কাফির। আল্লাহ্ বলেন,

"আপনি বলুন, আমি তোমাদের মতোই একজন মানুষ।" [সূরা কাহাফ, আয়াত: ১১০] আল্লাহ বলেন,

"আসমান-জমিনে আল্লাহ ব্যতীত অন্য কেউ গায়েবের খবর জানে না"। [সূরা আন-নামল. আয়াত: ৬৫] আল্লাহ আরো বলেন,

"আপনি বলুন, আমি তোমাদেরকে বলি না যে, আমার কাছে আল্লাহর ভান্ডার রয়েছে। তাছাড়া আমি অদৃশ্য বিষয় অবগতও নই। আমি এমনও বলি না যে আমি ফিরিশতা। আমি তো শুধু ঐ অহীর অনুসরণ করি, যা আমার কাছে আসে।" [সূরা আল-আন-আম, আয়াত: ৫০]

আল্লাহ আরো বলেন,

"আপনি বলে দিন, আমি আমার নিজের কল্যাণ এবং অকল্যাণ সাধনের মালিক নই, কিন্তু যা আল্লাহ চান। আর আমি যদি গায়েবের কথা জেনে নিতে পারতাম, তাহলে বহু কল্যাণ অর্জন করে নিতে পারতাম। ফলে আমার কোনো অমঙ্গল কখনো হতে পারত না। আমি তো শুধুমাত্র একজন ভীতি প্রদর্শক ও ঈমানদারদের জন্য সুসংবাদদাতা।" [সূরা আল-আ'রাফ, আয়াত: ১৮৮]



নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

"আমি তোমাদের মতোই একজন মানুষ। তোমরা যেমন ভুলে যাও আমিও তেমনি ভুলে যাই। আমি ভুল করলে তোমরা আমাকে স্মরণ করিয়ে দিও।"[1]

যে ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে সাহায্য প্রার্থনা করল এ বিশ্বাসে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভালো-মন্দের মালিক, সে কাফির হিসেবে গণ্য হবে। আল্লাহ বলেন,

"তোমাদের রব বলেন, তোমরা আমাকে ডাক, আমি সাড়া দেব। যারা আমার ইবাদাতে অহংকার করে তারা সত্বরই জাহান্নামে প্রবেশ করবে অপমানিত অবস্থায়।" [সূরা গাফির, আয়াত: ৬০] আল্লাহ তা'আলা বলেন.

"বলুন, আমি তোমাদের ক্ষতি সাধন করার ও সুপথে আনয়ন করার মালিক নই। বলুন, আল্লাহর কবল থেকে আমাকে কেউ রক্ষা করতে পারবে না এবং তিনি ব্যতীত আমি কোনো আশ্রয়স্থল পাবনা।" [সূরা জিন্ন, আয়াত: ২১-২২]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর নিকটাত্মীয়দেরকে বলেছেন.

«لَا أُغْنِي عَنْكُمْ مِنَ اللَّهِ شَيْئًا»

"আমি তোমাদেরকে আল্লাহর পাকড়াও থেকে রক্ষা করতে পারব না।"[2]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (তাঁর বংশধর) তাঁর কন্যা ফাতেমা ও ফুফু সাফিয়াকে একই কথা বলেছেন। যে ব্যক্তি তাকে নূরের তৈরি বলে বিশ্বাস করে, তাকে ইমাম নিয়োগ করা এবং তার পিছনে সালাত আদায় করা বৈধ নয়।

>

ফুটনোট

- [1] সহীহ বুখারী, অধ্যায়: কিতাবুস্ সালাহ।
- [2] সহীহ বুখারী, অধ্যায়: কিতাবুল ওসায়া।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন